



পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৭,৮-১০)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।

www.pallisanchaybank.gov.bd

সঞ্চয় ও ঋণ বিভাগ

স্মারক নং- পসব্য/প্রকা/পরি-৪৯/২০২৫-২৬/২৮২

তারিখঃ ১২/০৩/২০২৬ খ্রি.


অফিস আদেশ

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের বাজেট শাখার ০৮ মার্চ, ২০২৬ তারিখের ৫৩.০০.০০০০.০০০.২১২.৩৩.০০০১.২৫.৩০ নং স্মারকে প্রেরিত পত্র মোতাবেক সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (Governance Performance Monitoring System-GPMS) প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নের নিমিত্ত পল্লী সঞ্চয় ব্যাংক এর GPMS টিম নিম্নোক্তভাবে গঠন করা হলো:

| ক্র: নং | নাম | পদবি | টিমে অবস্থান |
|---------|---|----------------------------|---|
| ১. | জনাব মো: আলা উদ্দিন | মহাব্যবস্থাপক | টিম লিডার |
| ২. | জনাব মোঃ শাহেদ আলমগীর | সিনিয়র সিস্টেম এনালিস্ট | সদস্য (বিকল্প টিম লিডার) |
| ৩. | জনাব এলিজা জামান সুপ্তি | সহকারী মহাব্যবস্থাপক | সদস্য |
| ৪. | জনাব আল্লামা মোহাম্মদ ইয়াহুইয়া তানহার | সিস্টেম এনালিস্ট | সদস্য |
| ৫. | জনাব মোঃ ওয়ালিদ হোসেন | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | সদস্য |
| ৬. | জনাব মুহাম্মদ আলী | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | সদস্য |
| ৭. | জনাব মোঃ এনামুল হক | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | সদস্য |
| ৮. | জনাব মোঃ তরিকুল ইসলাম | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | সদস্য |
| ৯. | জনাব সানজিদা সরকার | সিনিয়র অফিসার | সদস্য (বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা) |
| ১০. | জনাব মোঃ রুহুল আমিন | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

গঠিত টিমের কার্যপরিধি:

- GPMS এর ০৩ বছর মেয়াদি খসড়া পরিকল্পনা প্রণয়ন, বিবেচ্য অর্থবছরের চূড়ান্ত কর্মসম্পাদন পরিকল্পনা প্রণয়ন ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ;
- যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক চূড়ান্ত পরিকল্পনা, বিবেচ্য অর্থবছরের চূড়ান্ত কর্মসম্পাদন পরিকল্পনা ও বছরশেষে কৌশলগত প্রতিবেদন (Strategic Report) প্রণয়ন এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ;
- প্রতি দুই মাসে একবার GPMS এর অগ্রগতি পর্যালোচনা;
- বিবেচ্য অর্থবছরের চূড়ান্ত কর্মসম্পাদন পরিকল্পনার সংশোধন (যদি থাকে) প্রস্তাব নির্ধারিত ফরম্যাটে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ;
- প্রতি ত্রৈমাসিকের কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ;
- অর্ধবার্ষিক অগ্রগতির প্রমাণক সংরক্ষণ;
- বিবেচ্য অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা (সেকশন ২) এর ষাণ্মাসিক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতপূর্বক আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ;
- GPMS সংক্রান্ত প্রশিক্ষণ/কর্মশালার আয়োজন;
- GPMS ক্যালেন্ডার ও নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট সকল কাজ সম্পাদন;
- বার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত, প্রমাণকের যথার্থতা যাচাই ও সংরক্ষণ এবং স্বমূল্যায়ন প্রতিবেদন ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদন গ্রহণ করে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ;
- আওতাধীন অফিসসমূহের GPMS-এর কার্যক্রম তদারকি এবং মূল্যায়ন।


(সালমা বানু) ১২/০৩/২০২৬

ব্যবস্থাপনা পরিচালক

তারিখঃ ১২/০৩/২০২৬ খ্রি.

স্মারক নং- পসব্য/প্রকা/পরি-৪৯/২০২৫-২৬/২৮২ (১২)

সদস্য অবগতি/কার্যার্থে অনুলিপি:

- পি এস টু চেয়ারম্যান মহোদয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- সংশ্লিষ্ট কর্মকর্তাগণ
- অফিস কপি।